

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সরকারি কলেজ-৪ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০১১.১৮.১৮৭

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৬

১৮ ফেব্রুয়ারি ২০২০

প্রজ্ঞাপন

বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে তাঁর নামের পার্শ্বে বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীনে এম.ফিল (খন্ডকালীন) গবেষণা কোর্সে নিম্নোক্ত শর্তে অধ্যয়নের অনুমতি প্রদান করা হলো:

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	কোর্স, শিক্ষাবর্ষ, বিশ্ববিদ্যালয় এবং গবেষণার শিরোনাম
০১	জনাব শাহিনুল হক শাহিন (২৪৭৯৫) প্রভাষক (বাংলা) নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোণা।	এম.ফিল (খন্ডকালীন) শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা। গবেষণার শিরোনাম: “ভাটিবাংলার লোকগানঃ প্রকৃতি ও প্রবণতা”

শর্তাবলী:

ক) নিজ খরচে সম্পূর্ণ কোর্স সম্পন্ন করতে হবে;

খ) খন্ডকালীন কোর্সে অধ্যয়নের অজুহাতে দায়িত্ব পালনরত প্রতিষ্ঠানে স্বাভাবিক সরকারি দায়িত্ব পালনে বিঘ্ন ঘটাতে কিংবা দায়িত্ব পালনে বিরত থাকতে পারবেন না; কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের দিন ব্যতিত অধ্যয়নের অজুহাতে খন্ডকালীন গবেষক-কে কোন ছুটি প্রদান করা হবে না;

গ) উচ্চতর ডিগ্রি সম্পন্ন করাকালে গবেষণার বিষয়টিকে অন্যত্র বদলী হওয়ার বা না হওয়ার অজুহাত হিসাবে ব্যবহার করা যাবে না এবং

ঘ) যথাসময়ে কোর্স সমাপ্তির পর কোর্স সমাপনীর প্রতিবেদন ও সার্টিফিকেটের কপি মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করতে হবে।

০২. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫-২-২০২০

ড. শ্রীকান্ত কুমার চন্দ
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০১১.১৮.১৮৭/১(৭)

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৬
১৮ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) রেজিস্ট্রার.....
- ৩) অধ্যক্ষ.....
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) জনাব.....
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ